

ছন্দোবন্ধেই। অন্য সব ছন্দোবন্ধে সাধারণ নিয়মই অনুসৃত হয়।

অর্ধযতি থাকে দীর্ঘ পঙ্ক্তির মধ্যে, সাধারণতঃ দুই বা তিন পর্বের পরে—তৃতীয় পর্ব সাধারণতঃ অপূর্ণ থাকে। যেমন—

১। গন্ধ চলে। যায়, হায় ॥ বন্ধ নাহি। থাকে,  
ফুল তারে। মাথা নাড়ি ॥ ফিরে ফিরে। ডাকে।  
বায়ু বলে। যাহা গেল ॥ সেই গন্ধ। তব,  
যেটুকু না। দিবে তারে ॥ গন্ধ নাহি। কব।

—কণিকা, তন্নষ্টং যন্ন দীযতে

২। আজি এই। উৎসবের। দিনে  
কত লোক। ফেলে অশ্রু। ধার,  
গেহ নেই। স্নেহ নেই। আহা,  
সংসারেতে। কেহ নেই। তার। ...  
অনাথ ছে। লেরে কোলে। নিবি  
জননীরা। আয় তোরা। সব,  
মাতৃহারা। মা যদি না। পায়  
তবে আজ। কিসের উৎ। সব

—কড়ি ও কোমল, কাঙালিনী

প্রথম দৃষ্টান্তের প্রতি পঙ্ক্তিতে অর্ধযতি আছে পুরো দুই পর্বের পরে, শেষার্ধের দ্বিতীয় পর্ব অপূর্ণ। আর দ্বিতীয় দৃষ্টান্তের প্রতি পঙ্ক্তিতে অর্ধযতি আছে তিন পর্বের পরে, তৃতীয় পর্ব অপূর্ণ, শেষার্ধেও তৃতীয় পর্ব অপূর্ণ। এই দৃষ্টান্তের অর্ধযতি বিভাগ অর্থাৎ পদবিভাগ দেখানো হয়েছে পঙ্ক্তি ভেঙে। তাই অর্ধযতির চিহ্ন উহ্য রাখা হয়েছে।

পঙ্ক্তি যদি বেশি দীর্ঘ হয় তবে এক পঙ্ক্তিতে দুটি বা তিনটি অর্ধযতি থাকে। ও-রকম দীর্ঘ পঙ্ক্তি দুটি বা তিনটি অর্ধযতির দ্বারা যথাক্রমে তিন বা চার পদে বিভক্ত হয়। এ-রকম পদবিভাগের দৃষ্টান্ত দেওয়া যাবে পরবর্তী অধ্যায়ে।

দুই ও তিন পর্বের ছোট পঙ্ক্তিতে অর্ধযতি থাকে না। পর্বগুলির মধ্যে থাকে একটি বা দুটি লঘুযতি। আর, লঘুযতির পরেই আসে পূর্ণযতি। এ-রকম অর্ধযতিহীন ছোট পঙ্ক্তির দৃষ্টান্ত এই—

১। কালো রাত | গেল ঘুচে  
আলো তারে | দিল মুছে।  
পুব দিকে | ঘুম-ভাঙা  
হাসে উষা | চোখ-রাঙা।

—সহজপাঠ (১ম), দ্বিতীয় পাঠ

২। কুমোর পাড়ার | গোরুর গাড়ি,  
বোঝাই-করা | কলসি, হাঁড়ি।  
গাড়ি চালায় | বংশীবদন,  
সঙ্গে যে যায় | ভাগ্নে মদন।

—সহজ পাঠ (২য়), ২টি

৩। দূর হতে যারে। পেয়েছি পাশে  
কাছের চেয়ে সে। কাছতে আসে।

—লেখন, 'দূর হতে যারে'

৪। উতল সাগরের। অধীর ক্রন্দন  
নীরব আকাশের। মাগিছে চুম্বন।

—লেখন, উতল সাগরের

৫। নগরীতে | অন্ন বিলা | -বার  
আমি আজি | লইলাম | ভার।...  
কহিল সে | নমি সবা | কাছে,  
শুধু এই | ভিক্ষাপাত্র | আছে।...  
ভিক্ষা-অন্নে | বাঁচাব বঃসুধা,  
মিটাইব | দুর্ভিক্ষের | ক্ষুধা।

—কথা, নগরলক্ষ্মী

৬। পথের প্রান্তে | আমার তীর্থ | নয়,  
পথের দুধারে | আছে মোর দেবা | লয়।

—লেখন, 'পথের প্রান্তে'

প্রথম চার দৃষ্টান্তের প্রতি পঙক্তিতে আছে এক লঘুযতির দ্বারা বিভক্ত দুই পর্ব। তার পরেই পূর্ণযতি, অর্ধযতি নেই। তৃতীয় দৃষ্টান্তে প্রতি পঙক্তির দ্বিতীয় পর্ব অপূর্ণ। আর, শেষ দুই দৃষ্টান্তের প্রতি পঙক্তিতে দুই লঘুযতির দ্বারা বিভক্ত তিন পর্ব (তৃতীয় পর্ব অপূর্ণ)। তার পরেই অর্ধযতির স্থানে আছে পূর্ণযতি, অর্ধযতি নেই।

সবচেয়ে ছোট পঙক্তিতে থাকে দুই উপপর্ব নিয়ে গড়া এক পর্ব। দুই উপপর্বের মধ্যে থাকে উপযতি, আর এই এক পর্বের পরে লঘুযতির স্থানে থাকে পূর্ণযতি। এ-রকম এক পর্বের পঙক্তিতে অর্ধযতি তো থাকেই না, লঘুযতিও থাকে না। দৃষ্টান্ত—

১। বায়ু : বয়

বন : ময়।

বাঁশ : গাছ

করে : নাচ।

২। সরস : দল

পনস : ফল।

শমন : ঘরে

গমন : করে।

—সহজ পাঠ (১) পঞ্চম পাঠ